

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৭৮

৯. কিতাবুস সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ যারা খবরে ওয়াহেদ বা একজনের বর্ণনা গ্রহণ করে না তাদের কথা অপনোদনকারী হাদীস

ذكر الخبر المدحض قول من نفى جواز قَبُولِ خَبَرِ الْوَاحِدِ

আরবী

2078 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ السَّامِيُّ قَالَ: حَدَّثَنَا عَلِيُّ بْنُ الْجَعْدِ قَالَ: أَحْبَرَنَا شُعْبَةُ عَنْ قَتَادَةَ عَنْ أَبِي الْمَلِيحِ عَنْ أَبِيهِ قَالَ: أَصَابَنَا مَطَر بحُنين فَنَادَى مُنَادِي رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَنْ صَلُّوا في الرحال. الراوي: أَبُو الْمَلِيحِ عَنْ أَبِيهِ المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 2078 ا خلاصة حكم المحدث: صحيح ـ ((الإرواء)) (2/ 341 ـ 142)

বাংলা

২০৭৮. আবুল মালীহ, তার বাবা থেকে বর্ণনা করেন, তিনি বলেন, "হুনাইনে আমাদেরকে বৃষ্টি পেয়ে বসে, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ঘোষনাকারী ঘোষনা করেন যে, আপনারা নিজ নিজ বাসস্থানে সালাত আদায় করুন।"[1]

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/২৩৪; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৯২৪; মুসনাদ আহমাদ: ৫/৭৪; আবূ দাউদ: ১০৫৯; ইবনু মাজাহ: ৯৩৬; তাবারানী: ৪৯৬; সহীহ ইবনু খুযাইমাহ: ১৬৫৭; সুনান বাইহাকী: ৩/৭১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ২/৩৪১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ মালীহ্ আল হুযালী (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন